গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.mopa.gov.bd

**জনপ্রশাসন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ/২০২৩) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর আয়োজিত ফিডব্যাক প্রদান বিষয়ক ৩য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. ফরিদ উদ্দিন আহমদ<br>অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) অনুবিভাগ<br>জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১১ এপ্রিল ২০২৩ |
| সময় | : | সকাল ১১.৩০ টা |
| স্থান | : | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;
খ. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন ০৮(আট)টি দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান; এবং
গ. বিবিধ আলোচনা।

**আলোচ্যসূচি-ক : পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**

সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-খ : পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক প্রদান-**

এ পর্যায়ে আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্য এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ধারাবাহিকভাবে পেশ করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক ও দপ্তর/সংস্থার নাম | আলোচ্য বিষয়/আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে : | | রেক্টর<br>বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) |

| | | | |
|---|---|---|---|
| | (১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত আছে।<br><br>(২) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী উন্নয়ন বাজেটের ২টি প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার নির্ধারিত অর্থ ছাড়করণে বিলম্ব হওয়ায় ৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রার ২৭.৩০% অর্জিত হয়েছে।<br><br>(৩) DPP-তে নির্ধারণকৃত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণক্রমে PSC ও PIC সভার লক্ষ্যমাত্রা পৃথকভাবে নির্ধারণ করা হয়েছে।<br><br>**বিপিএটিসি'র ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**<br><br>১. বিপিএটিসি'র ৩য় প্রান্তিকের ২.২ ক্রমিকের লক্ষ্যমাত্রা ব্যতিত অন্যান্য সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। ২.২ ক্রমিকের ক্ষেত্রে ২০২২-২০২৩ অর্থবছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার রাজস্ব ও উন্নয়ন বাজেটের অর্থ ছাড় না হওয়ায় লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।<br><br>২. গত ১৬ জানুয়ারি ২০২৩ তারিখের সভায় DPP-তে উল্লিখিত মতে PSC ও PIC সভার লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। উক্ত নির্দেশনার আলোকে ২.৪ ক্রমিকের লক্ষ্যমাত্রা সংশোধন করা হয়েছে। | (১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>(২) বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>(৩) DPP-তে নির্ধারণকৃত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রনীত নির্দেশিকা অনুসরণক্রমে PSC ও PIC সভার লক্ষ্যমাত্রা ধারাবাহিক রাখতে হবে। | |
| ২. জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(১) উন্নত কর্মপরিবেশ নিশ্চিতকরণের নিমিত্ত নির্ধারিত কার্যক্রম অনুযায়ী টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল গত ১৯/১২/২০২২ তারিখে নিষ্পত্তিকরণ সম্পন্ন হয়েছে।<br><br>(২) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা ত্রৈমাসিক ভিত্তিতে কমপক্ষে ২৫% করে বাস্তবায়ন করা হচ্ছে। একাডেমির হিসাব শাখা কর্তৃক ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক<br><br>জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) |

| | | | |
|---|---|---|---|
| | প্রমাণক হিসাবে ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সংরক্ষণ করা হচ্ছে।<br><br>(৩) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী একাডেমির বার্ষিক বাজেট ত্রৈমাসিক ভিত্তিতে কমপক্ষে ২৫% করে বাস্তবায়ন করা হচ্ছে। একাডেমির হিসাব শাখা কর্তৃক ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণক হিসাবে ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সংরক্ষণ করা হচ্ছে।<br><br>(৪) এনএপিডিতি বর্তমানে কোন প্রকল্প নেই।<br><br>(৫) গত ০৫.০৩.২০২৩ তারিখে যানবাহনের লগবই পর্যবেক্ষণ বিষয়ক ৩য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। একাডেমির সহকারী পরিচালকের তত্ত্বাবধানে সকল যানবাহনের লগবই নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।<br><br>(৬) এনপিডিতে গত অর্থবছরে কোনো প্রকল্প ছিল না এবং বর্তমানেও কোনো প্রকল্প নেই।<br><br>(৭) ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন আপলোড করা হয়েছে।<br><br>২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর আয়োজিত ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তাঁরা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি নিশ্চিত করতে মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে পত্র জারি করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী অর্থবছর শেষে প্রত্যয়নপত্র চূড়ান্ত বাস্তবায়ন প্রতিবেদনের সাথে প্রমাণক হিসেবে দাখিল করা হবে।<br><br>**জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**<br><br>জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | | |
| ৩. বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে : | (১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে | রেক্টর<br>বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন |

| | | | |
|---|---|---|---|
| | (১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট কার্যক্রম নিয়মিতভাবে গ্রহণ করা হচ্ছে।<br><br>(২) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী নিয়মিত PSC ও PIC সভা আয়োজিত হচ্ছে।<br><br>**বিসিএস প্রশাসন একাডেমির ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**<br>বিসিএস প্রশাসন একাডেমির ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | হবে।<br><br>(২) বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>(৩) DPP-তে নির্ধারকৃত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণক্রমে PSC ও PIC সভার লক্ষ্যমাত্রা অব্যাহত রাখতে হবে। | একাডেমি |
| ৪. বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br><br>(১) কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রয়েছে।<br><br>(২) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন করা হচ্ছে।<br><br>(৩) দুইটি প্রকল্পে PSC সভা ৪টি এবং PIC সভা ৪টি নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে একটি প্রকল্পে PSC এর ২টি এবং PIC এর ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। অপর প্রকল্পে PSC এর ১টি এবং PIC এর ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। এপ্রিলে পুনরায় PSC ও PIC সভা করার উদ্যোগ নেওয়া হয়েছে।<br><br>(৪) ১.৫ কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে (কর্মচারিদের নেম ট্যাগ প্রদান, কাজের রোস্টার ডিউটি প্রদানের লক্ষ্যে নির্দিষ্ট রেজিস্টার প্রণয়ন, টয়লেট পরিস্কার পরিচ্ছন্নতার সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা এবং কর্মচারীদের ড্রেস ও জুতা প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে) এবং ১.৬ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে।<br><br>(৫) ৩.৩ ক্রমিকে বর্ণিত জিম স্থাপন কার্যক্রম পরিবর্তন করে বিয়াম ফাউন্ডেশন, ঢাকার হোস্টেলে অতিথি এন্ট্রি রেজিষ্টার নিরীক্ষণ কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। এ লক্ষ্যে একটি কমিটি করা হয়েছে ও কমিটি প্রতিবেদন দাখিল করেছে। | (১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>(২) বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>(৩) DPP-তে নির্ধারণকৃত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রনীত নির্দেশিকা অনুসরণক্রমে PSC ও PIC সভার লক্ষ্যমাত্রা নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(৪) ১.৫ ও ১.৬ ক্রমিকের লক্ষ্যমাত্রা নির্দেশিকা অনুযায়ী যথাযথভাবে নির্ধারণ করতে হবে।<br>(৫) ৩.৩ ক্রমিকে বর্ণিত জিম স্থাপন কার্যক্রম পরিবর্তন করে কর্মপরিকল্পনায় যথাযথ কার্যক্রম অর্ন্তভুক্ত করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন |

| | | | |
|---|---|---|---|
| | **বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**<br>বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) এর ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | | |
| ৫. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br>(১) কর্মপরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের সভা ২০ সেপ্টেম্বর, ২০২২ তারিখ এবং ২য় প্রান্তিকের সভা ০৯ নভেম্বর, ২০২২ তারিখ এবং ৩য় প্রান্তিকের সভা ২৬ জানুয়ারি, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং ৪র্থ প্রান্তিকের সভা যথাসময়ে অনুষ্ঠিত হবে।<br>(২) ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনের প্রমাণক ১২ অক্টোবর, ২০২২ এবং ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৫ জানুয়ারি, ২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে এবং ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনের প্রমাণক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>(৩) শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ১৬ অক্টোবর, ২০২২ তারিখ আয়োজন করা হয়েছে এবং ২য় প্রশিক্ষণ ৫ মার্চ, ২০২৩ তারিখ আয়োজন করা হয়েছে।<br>(৪) কর্মপরিকল্পনা অনুযায়ী ভাল কাজের ভিত্তিতে ১ম প্রান্তিকের সেরা কর্মচারী ১২ অক্টোবর, ২০২২ তারিখে নির্বাচন করা হয়েছে এবং ২য় প্রান্তিকের সেরা কর্মচারী ২৭ ডিসেম্বর, ২০২২ তারিখে নির্বাচন করা হয়েছে এবং ৩য় প্রান্তিকের সেরা কর্মচারী ২৯ মার্চ, ২০২৩ তারিখে নির্বাচন করা হয়েছে।<br>**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :** | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |

| | | | |
|---|---|---|---|
| | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | | |
| ৬. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:<br><br>**১.** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনের অংশ গ্রহণে সভা আয়োজন করা হচ্ছে। এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অংশীজন যেমন শিক্ষা বোর্ড, জাতীয় বিশ্ববিদ্যালয়, নির্বাচন কমিশন, স্বাস্থ্য মন্ত্রণালয়সহ অন্যান্য প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হয়ে থাকে। কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ স্টেশনারী অফিস এবং মহাপরিচালকের কার্যালয়ের সৌন্দর্য বর্ধনের নিমিত্ত ফলজ, ঔষধি গাছসহ ফুলের ও সবজির বাগান করা হয়েছে। এ লক্ষ্যে গঠিত ভিজিল্যান্স টিম কর্তৃক নিয়মিত অফিস/প্রেস পরিদর্শন করা হয়ে থাকে। ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী পরিকল্পনার ৪৮টি প্যাকেজের সকল প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে। Hope কর্তৃক অনুমোদন গ্রহণপূর্বক NOA জারি করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ ছাড়া সরকারি যানবাহনের যথাযথ ব্যবস্থা নিশ্চিত করা হচ্ছে। বছর শেষে প্রত্যয়ন প্রেরণ করা হবে।<br><br>**২.** DPP-তে নির্ধারনকৃত প্রতি কোয়ার্টারে ১টি PIC এবং ১টি PSC সভার লক্ষ্যমাত্রা পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। বিগত ১৫/০২/২০২৩ তারিখে অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে PIC সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>**মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**<br><br>১. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | (১) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>(২) DPP-তে নির্ধারণকৃত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণক্রমে PSC ও PIC সভার লক্ষ্যমাত্রা নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক<br>মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর |
| ৭. সরকারি যানবাহন অধিদপ্তর | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে: | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের | পরিবহন কমিশনার<br>সরকারি যানবাহন অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | সরকারি যানবাহন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ যথাযথভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম, ২য় ও ৩য় প্রান্তিকে শতকরা ১০০ ভাগ লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে।<br><br>**সরকারি যানবাহন অধিদপ্তর এর ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**<br><br>(১) সরকারি যানবাহন অধিদপ্তর এর ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br><br>(২) ১.৪ এ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ৪টি প্রান্তিকে ৩৫০ জনকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। কিন্তু ১ম ও ২য় প্রান্তিকে ২৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩য় প্রান্তিকে বাজেট বরাদ্দ অপ্রতুল থাকায় কর্মসূচি গ্রহণ করা হয়নি মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। | ধারা অব্যাহত রাখতে হবে। | |
| ৮. সরকারি কর্মচারী হাসপাতাল | সভাকে অবহিত করা হয় যে, ২য় প্রান্তিকের ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:<br><br>(১) প্রথম নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করা হয়েছে।<br><br>(২) ১.৫; ২.২ ও ২.৩ ক্রমিকের লক্ষ্যমাত্রা শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশিকা অনুযায়ী সংশোধন করা হয়েছে।<br><br>**সরকারি কর্মচারী হাসপাতাল এর ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**<br><br>সরকারি কর্মচারী হাসপাতাল এর ৩য় প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে। | পরিচালক<br>সরকারি কর্মচারী হাসপাতাল |

**আলোচ্যসূচি-গ : বিবিধ-**

বিবিধ আলোচনায় এ কমিটির সদস্যগণ অংশগ্রহণ করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

(১) চেকলিস্ট প্রনয়নপূর্বক সরবরাহকৃত নমুনা অনুযায়ী স্ব-স্ব দপ্তর/সংস্থার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ করতে হবে।

(২) মন্ত্রণালয় কর্তৃক ধার্যকৃত নির্ধারিত সময়ের বাস্তবায়ন অগ্রগতির পূর্ণাঙ্গ তথ্য আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

(৩) কোন দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকতা, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকতা পরিবর্তন হলে তাৎক্ষণিকভাবে লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(৪) শুদ্ধাচার কার্যক্রম সুচারূপে সম্পাদনের নিমিত্ত এ সভায় শুধুমাত্র ফোকাল পয়েন্ট কর্মকতা অংশগ্রহণ করবেন। সভাপতির অনুমোদনক্রমে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকতা যৌক্তিক কারণে অংশগ্রহণ করতে পারবেন।

(৫) এ সভায় অংশগ্রহণের নিমিত্ত কোন কর্মকর্তার সচিবালয়ে প্রবেশের প্রয়োজন হলে ধার্যকৃত সভার তারিখের ন্যূনতম ০১(এক) দিন পূর্বে আবশ্যিকভাবে নাম, পদবি, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র ইত্যাদি তথ্যসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের শৃঙ্খলা-৩ শাখাকে অবহিত করতে হবে।

০২। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.০৮.২০২৬

ড. ফরিদ উদ্দিন আহমদ
অতিরিক্ত সচিব
শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ

নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০২৩.২২-৩৮০

তারিখ : ০৭ বৈশাখ ১৪৩০ / ২০ এপ্রিল ২০২৩

**বিতরণ : সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা;
০৩. রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারি কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা;
০৫. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), নীলক্ষেত, ঢাকা;
০৬. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, নিউ ইস্কাটন, ঢাকা;
০৭. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
০৮. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা;
০৯. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা;
১০. যুগ্মসচিব, শৃঙ্খলা-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. যুগ্মসচিব, শৃঙ্খলা-২ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা;
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড নিশ্চিতকরণের জন্য);
১৫. অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) মহোদয়ের সদয় অবগতির জন্য]; এবং
১৬. অফিস কপি/মাস্টার কপি।

20/04/2023

আবুল হায়াত মোঃ রফিক
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৪০৮১
dis3@mopa.gov.bd